

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ  
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড  
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪  
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০  
[www.dmtcl.gov.bd](http://www.dmtcl.gov.bd)

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৫	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			

**MRT Line-5: Northern Route**

২০২৮ সালের মধ্যে হেমায়েতপুর হতে আমিন বাজার পর্যন্ত ও নতুন বাজারের পর হতে ভাটারা পর্যন্ত ৬.৫০ কিলোমিটার উড়াল এবং আমিন বাজার হতে নতুন বাজার পর্যন্ত ১৩.৫০ কিলোমিটার পাতাল মোট ২০ কিলোমিটার দীর্ঘ এবং ১৪টি স্টেশন (পাতাল ৯টি ও উড়াল ৫টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত Dhaka Mass Rapid Transit Development Project (Line-5): Northern Route এর Basic Design ও হেমায়েতপুর ডিপোর ভূমি অধিগ্রহণের কাজ সম্পন্ন হয়েছে। Detailed Design চূড়ান্ত পর্যায়ে রয়েছে। MRT Line-5: Northern Route এর নির্মাণ কাজ মোট ১০টি প্যাকেজের মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। তন্মধ্যে হেমায়েতপুর ডিপোর ভূমি উন্নয়ন সংক্রান্ত প্যাকেজ CP-01 এর ২৯ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ পর্যন্ত অগ্রগতি ১২.৪৩%। অবশিষ্ট প্যাকেজসমূহের দরপত্র বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন আছে। মেইন লাইন ও স্টেশনসমূহের প্রয়োজনীয় ভূমির অধিগ্রহণের কাজ বিভিন্ন পর্যায়ে চলছে। গত ০৪ নভেম্বর ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী MRT Line-5: Northern Route এর নির্মাণ কাজের শুভ উদ্বোধন করেন।